গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-৯৫০

তারিখঃ ১৬ ভাদ্র' ১৪২৯
৩১ আগস্ট' ২০২২

**২০২২-২০২৩ অর্থবছরে কারা অধিদপ্তরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম |
| সভার তারিখঃ | ৩১ আগস্ট ২০২২ |
| সভার সময়ঃ | বেলা ১১:০০ ঘটিকা |
| স্থানঃ | কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের (সঃদঃ) দপ্তর কক্ষ, কারা অধিদপ্তর, ঢাকা। |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য কারা অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব, সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ), জনাব সুরাইয়া আক্তার কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

১.০ **আলোচ্য বিষয়ঃ** ২০২২-২০২৩ অর্থবছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন।

১.১ **আলোচনাঃ** কারা অধিদপ্তরের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের জন্য অধিদপ্তর/আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সম্পর্কে কারা অধিদপ্তরের ইনোভেশন টিম অবগত আছেন। এরপর ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কারা অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় উপস্থিত সকলকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণপূর্বক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে অবহিত করেন। ২০২২-২০২৩ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন টিমের ১ম সভায় কারা অধিদপ্তরের দুটি নতুন উদ্ভাবনী ধারণা বা আইডিয়া উপস্থাপন করা হয়ঃ (১) Prison Staff Carrier Planning & Monitoring System (PSCPMS), (২)বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষে E-Commerce System চালুকরন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য সভাপতি আহবান জানান। সভায় কারা অধিদপ্তরের ইনোভেশন অফিসার ও সভাপতি, জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর, ঢাকা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রায় উল্লিখিত প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

১.২ **সিদ্ধান্তঃ**

ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণপূর্বক ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রায় উল্লিখিত প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ;

গ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রায় উল্লিখিত প্রতিটি কার্যক্রম নিম্নোক্ত ছক মোতাবেক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট শাখা/সেল/টিম নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন করবে।

| **কার্যক্রম/কর্মসম্পাদন সূচক** | **কার্যক্রম সম্পাদনকারী সেল/শাখা/টিম** |
|---|---|
| ১.১.১ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন<br>১। Prison Staff Carrier Planning & Monitoring System (PSCPMS<br>২। বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষে E- Commerce System চালুকরন। | ইনোভেশন টিম তদারকি করবেন, ডেপুটি জেলার, আইসিটি সেল |
| ১.২.১ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকরণ | আইসিটি সেল ও প্রশাসন শাখা |
| ১.২.২ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকরণ | আইসিটি সেল |
| ১.৩.১ ই-ফাইলে নোট নিষ্পত্তি | আইসিটি সেল |
| ১.৪.১ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়ন | ইনোভেশন টিম |
| ১.৪.২ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন করা (০২টি) | প্রশিক্ষণ শাখা |
| ২.১.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ (ত্রৈমাসিক ভিত্তিতে) | আইসিটি সেল |
| ২.২.১ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা (০৪টি) | প্রশিক্ষণ শাখা |
| ২.২.২ ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয় | ইনোভেশন টিম |
| ২.২.৩ কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | প্রশাসন শাখা |
| ২.২.৪ আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | প্রশাসন শাখা |
| ২.২.৫ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন | ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৮/22

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
কারা উপ-মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা ও
ইনোভেশন অফিসার
কারা অধিদপ্তর, ঢাকা।

পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.২২-৯৫০

তারিখঃ ১৬ ভাদ্র' ১৪২৯ / ৩১ আগস্ট' ২০২২

**জ্ঞাতার্থে/কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১. সচিব, (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ। দৃঃ আঃ- উপ-সচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা।

২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ-যুগ্ম-সচিব (প্রশাসন ও অর্থ)।

৩. জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম, কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।

৪. জনাব সুরাইয়া আক্তার, সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ), কারা অধিদপ্তর, ঢাকা।

৫. জনাব মোসাঃ নাহিদা পারভীন, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ), কারা অধিদপ্তর, ঢাকা।

৬. জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসেন, সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।

৭. জনাব মোঃ ফয়েজ-উর-রহমান, ডেপুটি জেলার, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৮. জনাব মোঃ কামাল হোসেন, প্রশাসনিক কর্মকর্তা-১, কারা অধিদপ্তর, ঢাকা।

৯. ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতি: কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১০. গার্ড ফাইল।

৩১/৮/২২

সুরাইয়া আক্তার
সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
পক্ষে-কারা মহাপরিদর্শক
aig.fin@prison.gov.bd

ইনোভেশন টিমের সভা,সভার কার্যবিবরণী ও হাজিরা-২০২২-২৩/মিটু